



জরিমানা নিয়ে উত্তেজনা, ম্যাজিস্ট্রেটকে বুড়ো আঙুল দেখালেন রুমিন ফারহানা



সংগৃহীত ছবি

নির্বাচনি বিধিনিষেধ অমান্য করে সমাবেশ আয়োজনের অভিযোগে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্বতন্ত্র প্রার্থী ও বিএনপির বহিষ্কৃত নেত্রী ব্যারিস্টার রুমিন ফারহানার পক্ষে একজন কর্মীকে ৪০ হাজার টাকা জরিমানা করেছে ভ্রাম্যমাণ আদালত।

শনিবার (১৭ জানুয়ারি) বিকেল ৪টার দিকে সরাইল উপজেলার নোয়াগাঁও ইউনিয়নের ইসলামপুর এলাকায় জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেট শাহরিয়া হাসান খানের নেতৃত্বে এই অভিযান পরিচালিত হয়।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, ওই এলাকায় রুমিন ফারহানার সমর্থকেরা প্রচারণামূলক সভার আয়োজন করেন, যা নির্বাচনি আচরণবিধির পরিপন্থী বলে বিবেচিত হয়। এ কারণে জুয়েল নামের এক ব্যক্তিকে অর্থদণ্ড দেওয়া হয়।

জরিমানার সিদ্ধান্তের পর ঘটনাস্থলে উত্তেজনা সৃষ্টি হয়। এ সময় রুমিন ফারহানা নির্বাহী ম্যাজিস্ট্রেটের সঙ্গে তর্কে জড়িয়ে পড়েন এবং একপর্যায়ে তার প্রতি অশোভন অঙ্গভঙ্গি করেন। অভিযোগ রয়েছে, রুমিন ফারহানার ব্যক্তিগত সহকারী জাকির হোসেন শুভও একই ধরনের আচরণ করেন। এ ঘটনার একটি ভিডিও ইতোমধ্যে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়েছে।

এ বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের সহকারী রিটার্নিং কর্মকর্তা ও সরাইল উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আবু বকর সরকার জানান, আচরণবিধি লঙ্ঘনের কারণে আইন অনুযায়ী ব্যবস্থা নেওয়া হয়েছে। এতে ক্ষুব্ধ হয়ে প্রার্থী রুমিন ফারহানা ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী ম্যাজিস্ট্রেটের সঙ্গে অসৌজন্যমূলক আচরণ করেন।